

বুয়েটের সম্মানিত শিক্ষকগণ তাঁদের পাঠদানসহ প্রশাসনিক এবং অন্যান্য সকল দায়িত্ব পালনের পাশাপাশি সর্বদাই বিশ্বমানের বিভিন্ন গবেষণায় লিপ্ত থাকেন। তাঁদের এইরূপ বিভিন্ন গবেষণার ভিত্তিতে প্রতি বছরই অনেক পেপার বিভিন্ন কনফারেন্স এবং বিশেষতঃ peer reviewed জার্নালে ছাপা হয়। এই সমস্ত গবেষণার ক্ষেত্রে অনেক সময়ই গবেষণায় ব্যবহৃত তথ্য/উপাত্ত এবং গবেষণায় প্রোগ্রামিং কোনো component থাকলে সংশ্লিষ্ট কোড প্রথমতঃ reviewer দের পরীক্ষণের জন্য এবং পরবর্তীতে পেপার accepted এবং published হবার পর অন্যান্য গবেষকদের এই গবেষণা এগিয়ে নিয়ে যাওয়ার জন্য কোনও একটি online repository তে আপলোড করে রাখতে হয়। বিশ্বের উন্নত সকল বিশ্ববিদ্যালয়ে এই online repository এর ব্যবস্থা থাকে। এই প্রেক্ষিতে সম্প্রতি বুয়েটের জন্যও একটি সার্ভার online repository হিসাবে ব্যবহার করা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এই সার্ভারটির domain name রাখা হয়েছেঃ "research.buet.ac.bd"

বুয়েটের সম্মানিত কোনো শিক্ষক/গবেষক যদি এই সুবিধা ব্যবহার করতে চান তবে তাঁর জন্য একটি যথাযথ ফোল্ডার উক্ত সার্ভারে তৈরি করে দেয়া হবে এবং সেই ফোল্ডারে তাঁর গবেষণার তথ্য/উপাত্ত এবং কোড কপি করে দেয়া হবে। যদি ফোল্ডারটির নাম হয় DATA4R1 তবে কোনও reviewer/reader <http://research.buet.ac.bd/DATA4R1> লিঙ্কটি ব্যবহার করে উক্ত তথ্য/উপাত্ত এবং কোড ডাউনলোড করে নিতে পারবেন। আপাততঃ আইআইসিটি'র সাহায্য নিয়ে এই সুবিধাটি ব্যবহার করা যাবে। পরবর্তীতে একটি online submission system এবং সার্ভারে কোড/প্রোগ্রাম execute করার ব্যবস্থাও গ্রহণ করার পরিকল্পনা রয়েছে।

 26/8/14


অধ্যাপক ডঃ মোঃ সোহেল রহমান

সহযোগী পরিচালক (আতিরিক্ত দায়িত্ব)

~~পরিচালক~~

উপরোক্ত বিষয়টি সদয় অবগতি এবং প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হল।

রেজিস্ট্রার,

 26/08/14

বিভাগীয় প্রধান, পুরকৌশল/যন্ত্রকৌশল/তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল/কেমিকৌশল/কম্পিউটার কৌশল/নৌযান ও নৌযন্ত্র কৌশল/বস্ত্র ও ধাতব কৌশল/গ্লাস ও সিরামিক কৌশল/ইন্ডাস্ট্রিয়াল ও প্রোডাকশন কৌশল/পানি সম্পদ কৌশল /পেট্রোলিয়াম ও মিনারেল কৌশল/বায়ো-মেডিকেল কৌশল/নগর ও অঞ্চল পরিকল্পনা/স্থাপত্য/রসায়ন/পদার্থ বিজ্ঞান/গণিত/মানবিক (সম্মানিত শিক্ষক মণ্ডলীর মাঝে বিতরণের অনুরোধ সহকারে)

পরিচালক, আইডব্লিউএফএম/এআরআই/আইএটি/জিডপাস/ডিএইআরএস

all leaders